বাংলাদেশ পর্যটন করপোরেশন

জনসংযোগ শাখা

পর্যটন ভবন, ই-৫ সি/১ আগারগাঁ, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

বিষয়: **বিশ্ব পর্যটন দিবস-২০২৩ উপলক্ষ্যে বাপক এর কর্মসূচিসমূহের বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতি : জামিল আহমেদ
পরিচালক (বাণিজ্যিক)

সভার তারিখ : ০৭ সেপ্টেম্বর ২০২৩

সময় : দুপুর ১২-০০ টা

স্থান : বাপক সম্মেলন কক্ষ (ঐকতান)

উপস্থিতি : তালিকা (পরিশিষ্ট-ক)

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদের স্বাগত জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বিশ্ব পর্যটন দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে বাপক নির্ধারিত কর্মসূচিসমূহ আকর্ষণীয় ও যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন । অত:পর তিনি বাপক এর উদ্যোগে বিশ্ব পর্যটন দিবস পালনের প্রশাসনিক মন্ত্রণালয়ের নির্দেশনা এবং বাপক'র বিভিন্ন কর্মসূচি ও তা বস্তবায়নের পরিকল্পনা তুলে ধরার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যবস্থাপক (জনসংযোগ)-কে নির্দেশনা প্রদান করেন। বিভিন্ন কর্মপরিকল্পনা ও কার্যপত্র উপস্থাপনের আলোকে উপস্থাপক সভাকে অবহিত করেন যে, এবছরের বিশ্ব পর্যটন দিবসের প্রতিপাদ্য Tourism and Green Investment যার বাংলা হচ্ছে 'পর্যটনে পরিবেশবান্ধব বিনিয়োগ'। দিবসটি পালন উপলক্ষ্যে বাপক'র কর্মপরিকল্পনা অনুযায়ী র‌্যালি আয়োজন, টি-শার্ট প্রস্তুত/বিতরণ, লাইভ কুকিং শো, বিটিবি আয়োজিত খাদ্যোৎসবে অংশগ্রহণ, সিটি প্যাকেজ ট্যুর আয়োজন এবং বাপক'র হোটেল/মোটেলসমূহে আবাসনে ডিসকাউন্ট, মোবাইল এসএমএস ব্লাস্ট, ব্যানার প্রণয়নসহ বিভিন্ন বিষয়ে সভায় আলোচনা হয়।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিশ্ব পর্যটন দিবসের বর্ণাঢ্য র‌্যালি আয়োজন | পর্যটন ভবনে বাপক'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং এন.এইচ.টি.টি.আই-এর ছাত্র-ছাত্রীবৃন্দ সকালে নির্দিষ্ট সময়ে মিলিত হয়ে নিজস্ব ব্যানারসহ বি.আই.সি.সি'তে উপস্থিত হবে। এন.এইচ.টি.টি.আই-এর ছাত্র-ছাত্রীবৃন্দ বাংলার ঐতিহ্য ও সংস্কৃতি তুলে ধরে সুসজ্জিত হয়ে র‌্যালিতে অংশগ্রহণ করবে। এদিন দিবসের টি-শার্ট পরিধানসহ নিজস্ব ব্যানারে সকল কর্মকর্তা-কর্মচারীগণ র‌্যালিতে অংশগ্রহণ করবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) -- আহবায়ক<br>(খ) মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) -- সদস্য<br>(গ) অধ্যক্ষ, এন.এইচ.টি.টি.আই-- সদস্য<br>(ঘ) ব্যবস্থাপক (প্রশাসন) -- সদস্য<br>(ঙ) ব্যবস্থাপক (জনসংযোগ) -- সদস্য সচিব |
| ২ | দিবসের প্রতিপাদ্য অনুযায়ী টি-শার্ট প্রণয়ন ও বিতরণ | বিশ্ব পর্যটন দিবসের প্রতিপাদ্য অনুযায়ী স্পন্সর (সান পানি) সংগ্রহের মাধ্যমে টি-শার্ট প্রস্তুত করে প্রধান কার্যালয় এবং ইউনিটসমূহে বিতরণ করা হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) -- আহবায়ক<br>(খ) ব্যবস্থাপক (বাণিজ্যিক) -- সদস্য<br>(গ) উপ-ব্যবস্থাপক (বাণিজ্যিক) -- সদস্য<br>(ঘ) নির্বাহী কর্মকর্তা (সা:সেবা) -- সদস্য<br>(ঙ) ব্যবস্থাপক (প্রশাসন) -- সদস্য সচিব |
| ৩ | বিশ্ব পর্যটন দিবসে স্বল্পমূল্যে 'সিটি ট্যুরের' আয়োজন | বিশ্ব পর্যটন দিবসে বাপক এর উদ্যোগে ২টি স্বল্পমূল্যের 'প্যাকেজ ট্যুরের' আয়োজন করতে হবে। এগুলোর মধ্যে একটি এতিমখানার বাচ্চাদের নিয়ে এবং আরেকটি এন.এইচ.টি.টি.আই-এর ছাত্র-ছাত্রীদের নিয়ে আয়োজন করা হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) -- আহবায়ক<br>(খ)ব্যবস্থাপক (ট্যুরস) -- সদস্য<br>(গ) বিভাগীয় প্রধান, ট্রাভেল এজেন্সি এন্ড ট্যুর অপারেশন্স, এন.এইচ.টি.টি.আই -- সদস্য<br>(ঘ) উপব্যবস্থাপক (বাণিজ্যিক) -- সদস্য<br>(ঙ) নির্বাহী কর্কর্তা (ট্যুরস) -- সদস্য সচিব |
| ৪ | বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে পর্যটন ভবন প্রাঙ্গনে 'লাইভ কুকিং শো' এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন | ন্যাশনাল হোটেল এন্ড ট্যুরিজম ট্রেনিং ইনস্টিটিউট (এন.এইচ.টি.টি.আই) এর উদ্যোগে পর্যটন ভবন প্রাঙ্গনে সকাল ৯-০০ টা থেকে এ আয়োজন করতে হবে। পাশাপাশি এন.এইচ.টি.টিআই-এর ছাত্র-ছাত্রীদের পরিবেশনায় একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা যেতে পারে। | (ক) মহাব্যবস্থাপক (ডিএফও)--- আহবায়ক<br>(খ) অধ্যক্ষ, এন.এইচ.টি.টি.আই -- সদস্য<br>(গ) উপব্যবস্থাপক (বিপণন) -- সদস্য<br>(ঘ) নির্বাহী কর্মকর্তা (সা: সেবা) -- সদস্য<br>(ঙ) বিভাগীয় প্রধান (ফুড এ. বে. প্রোডাকশন), এন.এইচ.টি.টি.আই -- সদস্য সচিব |
| ৫ | আগামী ২৭-৩০ সেপ্টেম্বর '২৩ পর্যন্ত বিটিবি'র উদ্যোগে পর্যটন উৎসবে (Food Festival) বাপক'র অংশগ্রহণ | আগামী ২৭-৩০ সেপ্টেম্বর '২৩ পর্যন্ত বিটিবি'র উদ্যোগে বি.আই.সি.সি-তে অনুষ্ঠেয় পর্যটন উৎসবে (Food Festival) বাপক'র অংশগ্রহণের পদ্ধতি কীভাবে হবে এবং স্টল বরাদ্দ এবং ডিজাইনসহ সকল বিষয়ে বিটিবি'র সাথে আলোচনা করে চূড়ান্ত করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) -- আহবায়ক<br>(খ) মহাব্যবস্থাপক (বাণিজ্যিক)---- সদস্য<br>(গ) অধ্যক্ষ, এন.এইচ.টি.টি.আই---- সদস্য<br>(ঘ)বিভাগীয় প্রধান(বেকারী এন্ড পেস্ট্রি) এন.এইচ.টি.টি.আই --- সদস্য<br>(ঙ) ব্যবস্থাপক (হো: অবকাশ)-- সদস্য সচিব |

| | | | |
|---|---|---|---|
| ৬ | বাপক'র ইউনিটসমূহে আবাসনের উপর ১দিনের জন্য ২৭% ডিসকাউন্ট অফার, অতিথিদের ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন এবং সৌজন্যমূলক সকালের নাস্তায় একটি বিশেষ আইটেম সংযোজন | বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে বাপক এর ইউনিটগুলোতে অতিথিদের আবাসনে উপর ১দিনের জন্য ২৭% ডিসকাউন্ট এবং তাঁদেরকে ফুলের স্টিক দিয়ে শুভেচ্ছা জানাতে হবে। এছাড়া ইউনিট ব্যবস্থাপকগণ সৌজন্যমূলক সকালের নাস্তার মেন্যুতে একটি বিশেষ আইটেম সংযোজন করবে। | (ক) মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) -- আহবায়ক<br>(খ) উপব্যবস্থাপক (বাণিজ্যিক) -- সদস্য<br>(গ) ব্যবস্থাপক (বাণিজ্যিক) -- সদস্য সচিব |
| ৭ | বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে বাপক'র প্রধান কার্যালয় এবং বাণিজ্যিক ইউনিটসমূহে সজ্জিতকরণ | বাপক এর প্রধান কার্যালয়সহ সকল ইউনিটের সম্মুখভাগে (মেইন ফটকে) ব্যানার প্রদর্শনসহ বেলুন, ফুল এবং ঐতিহ্যবাহী আইটেম দিয়ে সজ্জিতকরণ এবং স্বল্প লাইটিং স্ট্রিপ দিয়ে আলোকসজ্জা করা হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন) -- আহবায়ক<br>(খ) মহাব্যবস্থাপক (পূর্ত) -- সদস্য<br>(গ) ব্যবস্থাপক (বাণিজ্যিক) -- সদস্য<br>(ঘ) নির্বাহী কর্মকর্তা (সে. স্টোর) -- সদস্য<br>(ঙ)নির্বাহী কর্মকর্তা(সা. সেবা) -- সদস্য সচিব |
| ৮ | বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে মোবাইলে এস.এম.এস ব্লাস্ট | বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে বাপক এর অফারসমূহের প্রচারের জন্য ০৭ দিন পূর্ব থেকেই মোবাইলে এস.এম.এস ব্লাস্ট করতে হবে। | (ক) ব্যবস্থাপক (আই.সি.টি) --- আহবায়ক<br>(খ) নির্বাহী কর্মকর্তা (আই.সি.টি) -- সদস্য<br>(গ) উপব্যবস্থাপক (বিপণন) -- সদস্য সচিব |
| ৯ | ক্রোড়পত্রে প্রকাশের জন্য চেয়ারম্যান, বাপক মহোদয়ের বাণী প্রস্তুতকরণ ও প্রেরণ | বিশ্ব পর্যটন সংস্থর প্রতিপাদ্যের আলোকে চেয়ারম্যান, বাপক মহোদয়ের বাণী (বাংলা ও ইংরেজি) প্রস্তুত করে বিটিবি'র কাছে প্রেরণ করতে হবে। | (ক) ব্যবস্থাপক (জনসংযোগ) -- আহবায়ক<br>(খ) উপ-ব্যবস্থাপক (পরিকল্পনা) -- সদস্য<br>(গ) ব্যবস্থাপক (প্রশাসন) -- সদস্য সচিব |
| ১০ | বিশ্ব পর্যটন দিবস উপলক্ষ্যে ড্রপডাউন ব্যানার তৈরী ও স্থাপন | দিবসের থিমের সাথে সামাঞ্জস্য রেখে পর্যটন ভবন এবং ইউনিটগুলোতে ব্যানার প্রস্তুত করে স্থাপন করতে হবে । এছাড়া প্রধান কার্যালয়ের বামদিকে ফ্রেমের উপর একটি ব্যানার স্থাপন করতে হবে। | (ক) ব্যবস্থাপক (জনসংযোগ) -- আহবায়ক<br>(খ) সহ:নির্বাহী কর্মকর্তা (জস) ---<br>(খ) উপব্যবস্থাপক (জস) -- সদস্য সচিব |

৩। চট্টগ্রামস্থ হোটেল সৈকত এবং রাঙ্গামাটিস্থ পর্যটন মোটেলে নিজস্ব উদ্যোগে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। প্রয়োজনে প্রধান কার্যালয়ের পরামর্শ গ্রহণ করবে।

৪। পর্যটন ভবন আলোকসজ্জাকরণের বিষয়ে বিটিবি'র সাথে মহাব্যবস্থাপক (প্রশাসন) আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৫। বাপক এর সকল ইউনিট ব্যবস্থাপকগণ জেলা/উপজেলা প্রশাসনের সাথে এবং তিন পার্বত্য জেলার ইউনিটসমূহ পার্বত্য জেলা পরিষদের সাথে সমন্বয় করে অন্যান্য কর্মসূচিতে অংশগ্রহণ করবে।

৬। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

৭/৯/২৩

জামিল আহমেদ
পরিচালক (বাণিজ্যিক)
এবং
আহবায়ক, বাপক'র বিশ্ব পর্যটন দিবস-২০২৩
উদযাপন সংক্রান্ত তদারকি কমিটি

নথি নং: ৩০.৩২.০০০০.৫১.২৩.০০২.২১/৫৩ তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২৩

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:**

১। পরিচালক (প্রশাসন ও অর্থ/পরিকল্পনা), বাপক, পর্যটন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
২। মহাব্যবস্থাপক, প্রশাসন/ডিএফও/বাণিজ্যিক/অর্থ/পিটিএস/পূর্ত, বাপক, পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা;
৩। অধ্যক্ষ, এন.এইচ.টি.টি.আই, মহাখালী আ/এ. ঢাকা;
৪। ব্যবস্থাপক এবং কমিটির সদস্যবৃন্দ (সকল), বাপক, পর্যটন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
৫। ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক (সকল);
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাপক অফিসার্স এসোসিয়েশন, পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা;
৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপক, পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা -- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য;
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, বাপক কেন্দ্রীয় কর্মচারী ইউনিয়ন ,পর্যটন ভবন, আগারগাঁও, ঢাকা;

৭/৯/২০২৩

মো: জিয়াউল হক হাওলাদার
ব্যবস্থাপক (জনসংযোগ)।